



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসির আয়োজনে দুই দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ এপ্রিল ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে শুরু হয়েছে দুই দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালা। ২৫ এপ্রিল ২০২২ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে Training on PPR বা পাবলিক প্রকিউরমেন্ট রুলস বিষয়ের উপর এই কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালাটি উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া। বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সভাপতিত্বে কর্মশালায় তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন এবং অর্থ ও হিসাব শাখার সাবেক পরিচালক মোঃ আফসার আলী এফসিএমএ। দুই দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষন কর্মশালার প্রথম দিনে বিশ্ববিদ্যালয়ের ২৪টি বিভাগের চেয়ারম্যান, ৪টি হলের প্রাধ্যক্ষ ও বিভিন্ন প্রশাসনিক দপ্তরের দপ্তর প্রধানগণ এবং দ্বিতীয় দিনে বিভিন্ন দপ্তরের সিনিয়র কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানটি সম্বলনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. রহিমা নাসরিন। কর্মশালাটি আগামী ২৬ এপ্রিল ২০২২ তারিখ বিকাল ৩ টায় শেষ হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস